গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রাজশাহী
উন্নয়ন শাখা
www.rajshahidiv.gov.bd

**রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির আগস্ট/২০২৩ মাসের সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর<br>বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ | ২১ আগস্ট, ২০২৩ খ্রি. |
| সভার সময় | বেলা ১১:৪৫ টা |
| স্থান | বিভাগীয় কমিশনার, রাজশাহী'র সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য |

সভাপতি সভার শুরুতে শোকের মাসে বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৯৭৫ সালের ১৫ই আগস্টে শাহাদত বরণকারী সকল শহীদদের এবং ২১শে আগস্ট গ্রেনেড হামলায় নিহতদের আত্মার মাগফেরাত কামনা করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী গত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ পাঠ করে শোনান। সভাপতি গত সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী আছে কিনা তা জানতে চান। অত:পর বিভিন্ন দপ্তরের সাথে স্ব-স্ব দাপ্তরিক বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়:

<table>
<tr><th>ক্র. নং</th><th>আলোচ্যসূচি ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>১</td><td><u>বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ :</u><br>সভাপতি কর্তৃক গত ১৯ জুন, ২০২৩ তারিখে অনুষ্ঠিত উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী আছে কি না সে বিষয়ে সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। কোন সংশোধনী না থাকায় উক্ত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করার বিষয়ে আলোচনা হয়।</td><td>১। গত ১৯ জুন, ২০২৩ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী</td></tr>
<tr><td>২</td><td><u>বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন হার:</u><br>বিগত ১৮ এপ্রিল, ২০২৩ ও ১৯ জুন, ২০২৩ মাসে অনুষ্ঠিত রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন হার পর্যালোচনা করা হয়, যা নিম্নরূপ:<br><table><tr><th>মাসের নাম</th><th>গৃহীত সিদ্ধান্ত সংখ্যা</th><th>বাস্তবায়িত সিদ্ধান্ত সংখ্যা</th><th>সিদ্ধান্ত বাস্তবায়ন হার</th></tr><tr><td>এপ্রিল/২৩</td><td>৪২</td><td>৪০</td><td>৯৫.২৩%</td></tr><tr><td>জুন/২৩</td><td>৪৪</td><td>৪৩</td><td>৯৭.৭২%</td></tr></table><br>শতভাগ সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সদস্যদের নির্দেশনা প্রদান করা হয়।</td><td>১। শতভাগ সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে সচেষ্ট হতে হবে।</td><td>বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সদস্যবৃন্দ</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ৩ | **আইএমইডি:**<br>রাজশাহী বিভাগে চলমান স্ব স্ব দপ্তরের আওতাধীন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে কোনো সমস্যা রয়েছে কি-না এবং তা নিরসনে করণীয় সম্পর্কে সভায় আলোচনা করা হয়। বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের পরিচালক, জনাব মোহাম্মদ হাবিবুর রহমান, জানান যে, রাজশাহী বিভাগে বাস্তবায়নাধীন কিছু প্রকল্পে সমস্যা রয়েছে যা আইএমইডি-এর পক্ষ থেকে আলোচনা করে নিরসন করা হচ্ছে। | ১। রাজশাহী বিভাগে চলমান স্ব স্ব দপ্তরের আওতাধীন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে কোনো সমস্যার উদ্ভব হলে তা উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলোচনা করে সমাধান করতে হবে। এছাড়া আন্তঃদপ্তরের সমন্বয় প্রয়োজন হলে এ সভায় তা আলোচনা করতে হবে। | ১। মহাপরিচালক, আইএমইডি, ঢাকা<br><br>২। সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ |
| ৪ | **স্বাস্থ্য বিভাগ :**<br>পরিচালক (স্বাস্থ্য) এর পক্ষে সহকারী পরিচালক, রাজশাহী জানান যে, রাজশাহী মেডিকেল হাসপাতালে ৭৬ জন ডেঙ্গু রোগী এবং পাবনা জেলায় ৫৩ জন ডেঙ্গু রোগী পাওয়া গেছে। ডেঙ্গু রোগে আক্রান্ত হয়ে বগুড়া জেলায় ৩ জন মারা গেছেন, যারা সবাই ঢাকা হতে আগত। এ বিভাগে ডেঙ্গু শনাক্তকরণে প্রয়োজনীয় কীট মজুদ রয়েছে।<br>জেলা প্রশাসক, পাবনা বলেন, ডেঙ্গু রোগে আক্রান্তদের অধিকাংশই ঢাকা হতে আগত। তিনি আরো বলেন যে, সাম্প্রতিক সময়ে বিষাক্ত সাপের (রাসেল ভাইপার) উপদ্রব বেড়েছে। সাপের কামড়ে অনেকে আক্রান্ত হচ্ছে। কিন্তু জেলা ও উপজেলা পর্যায়ে সাপের কামড়ে আক্রান্তদের চিকিৎসা প্রদানের জন্য পর্যাপ্ত প্রতিষেধক (Antivenom Antiserum) না থাকায় সমস্যা হচ্ছে। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ প্রতিষেধক (Antivenom Antiserum) এর মজুদ বৃদ্ধির উপর গুরুত্বারোপ করেন। সহকারী পরিচালক(স্বাস্থ্য) জানান যে, সাপের কামড়ে আক্রান্ত ব্যক্তির চিকিসার জন্য উপজেলা পর্যায়ে হাসপাতালগুলোতে নিবিড় পরিচর্যা কেন্দ্র (ICU) প্রয়োজন।<br>পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ জানান যে, ডেঙ্গু রোগ প্রতিরোধে জাতীয় গাইড লাইন অনুসরণ করে অ্যাকশন প্ল্যানগুলো প্রস্তুত করতে হবে।<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী জানান যে, ডেঙ্গু রোগ প্রতিরোধে সরকারি বাসভবণসহ গণপূর্ত জোনের আওতাধীন স্থাপনাগুলো পরিস্কার-পরিচ্ছন্ন রাখা হচ্ছে যাতে কোথাও পানি জমে না থাকে।<br>ডেঙ্গু রোগ প্রতিরোধে জনসচেতনতামূলক প্রচার প্রচারণা এবং সাপের কামড়ে আক্রান্তদের চিকিৎসা প্রদানের জন্য জেলা ও উপজেলা পর্যায়ে প্রয়োজনীয় প্রতিষেধকের ব্যবস্থা করতে সভায় গুরুত্বারোপ করা হয়। | ১। ডেঙ্গু রোগ প্রতিরোধে জনসচেতনতামূলক প্রচার প্রচারণাসহ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>২। রাসেল ভাইপার সাপের কামড়ে আক্রান্তদের চিকিৎসা প্রদানের জন্য জেলা, উপজেলা ও মেডিকেল হাসপাতালে পর্যাপ্ত প্রতিষেধক (Antivenom Antiserum) মজুদ রাখতে হবে।<br><br>৩। উপজেলা পর্যায়ের হাসপাতালগুলোতে নিবিড় পরিচর্যা কেন্দ্র (ICU) স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১। পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ<br><br>২। জেলা প্রশাসক(সকল), রাজশাহী বিভাগ<br><br>৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন<br><br>৪। পরিচালক, বিভাগীয় জেলা তথ্য অফিস, রাজশাহী |
| ৫ | **রাজশাহী ওয়াসা:**<br>ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা জানান যে, Surface Water Treatment Plant প্রকল্পটি গোদাগাড়ি হতে চাঁপাইনবাবগঞ্জ পর্যন্ত সড়ক বিভাগের জায়গায় পানির পাইপ লাইন স্থাপন করতে হবে। এ বিষয়ে সড়ক ও জনপথ বিভাগের প্রয়োজনীয় সহযোগিতা আবশ্যক। | ১। Surface Water Treatment Plant প্রকল্পটি বাস্তবায়নে সড়ক ও জনপথ বিভাগ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে হবে। | ১। ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা<br>২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, রাজশাহী জোন |
| ৬ | **পরিবার পরিকল্পনা:**<br>পরিচালক, পরিবার পরিকল্পনা, রাজশাহী জানান যে, গত ১১ জুলাই, ২০২৩ বিশ্ব জনসংখ্যা দিবস উপলক্ষ্যে এসডিজি এর লক্ষ্যমাত্রা অর্জনে রাজশাহী বিভাগ জাতীয় পর্যায়ে সুনাম অর্জন করেছে। পাবনা জেলার বেড়া উপজেলায় কর্মরত মিজ্ ইয়াসমিন খানম (পরিবার কল্যাণ সহকারী) জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ পরিবার কল্যাণ সহকারী হিসেবে গৌরব অর্জন করেন। এছাড়া বগুড়া সদর উপজেলা পরিষদ জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ উপজেলা পরিষদ হিসেবে গৌরব অর্জন করে। | ১। জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠত্ব অর্জনের মাধ্যমে রাজশাহী বিভাগের সুনাম বৃদ্ধি করায় সভাপতি মিজ্ ইয়াসমিন খানম ও বগুড়া সদর উপজেলা পরিষদের সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জানান। | - |

| | | | |
|---|---|---|---|
| ৭ | **খাদ্য বিভাগ:**<br>আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল জানান যে, রাজশাহী বিভাগে বোরো ধান ও চাল সংগ্রহ কার্যক্রম চলমান। খাদ্যবান্ধব কর্মসূচি সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত নিয়মিত মনিটরিং কার্যক্রম অব্যাহত রয়েছে। চালের তুলনায় ধান সংগ্রহ কম হওয়ায় লক্ষ্যমাত্রাকে সামনে রেখে ধান সংগ্রহ আরো জোরদার করা হয়েছে। | ১। অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতমালা অনুযায়ী ধান/চাল/গম সংগ্রহ শতভাগ অর্জনের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।<br><br>২। ধান সংগ্রহ আরো জোরদার করতে হবে।<br><br>৩। খাদ্যবান্ধব কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ<br><br>২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল, রাজশাহী |
| ৮ | **কৃষি বিভাগ:**<br>অতিরিক্ত পরিচালক, রাজশাহী অঞ্চল জানান যে, রোপা-আমন মৌসুম চলছে। নাটোর জেলার বাগাতিপাড়া উপজেলায় সেচ প্রকল্পে ৭টি এলএলপি পাম্প রয়েছে। তন্মধ্যে ৫টি এলএলপি পাম্প বর্তমানে বন্ধ রয়েছে। জরুরি ভিত্তিতে কমপক্ষে ৫টির মধ্যে ৩টি পাম্প চালু না করলে সেচ কার্যক্রম ব্যাহত হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি পানি উন্নয়ন বোর্ড, পল্লী বিদ্যুৎ সমিতি ও নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি এর দৃষ্টি আকর্ষণ করেন। তিনি আরো বলেন, গত বছরের তুলনায় চলতি বছর দ্বিগুন পরিমাণ আম রাজশাহী অঞ্চল থেকে বিদেশে রপ্তানি করা হয়েছে। সরকারি পৃষ্ঠপোষকতায় রাজশাহীতে আম প্রক্রিয়াকরণ অঞ্চল স্থাপিত হলে রপ্তানির পরিমাণ বহুলাংশে বৃদ্ধি পাবে।<br>সভাপতি বলেন, কিছু অসাধু লোক সরকারকে বিব্রতকর অবস্থায় ফেলার জন্য পিঁয়াজ, কাঁচামরিচের মতো নিত্য প্রয়োজনীয় দ্রব্যের কৃত্রিম সংকট সৃষ্টি করে দাম বৃদ্ধি করে থাকে। তারা যেন এরকম সংকট সৃষ্টি করতে না পারে, সে বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১। সেচযন্ত্রগুলোতে প্রয়োজনীয় বিদ্যুৎ সরবরাহ করতে হবে।<br><br>২। নিত্য প্রয়োজনীয় দ্রব্যের কৃত্রিম সংকট সৃষ্টি করে দাম বৃদ্ধিরোধে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br><br>২। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি:, রাজশাহী<br><br>৩। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল/ বগুড়া অঞ্চল<br><br>৪। উপপরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিপ্তর, রাজশাহী<br>৫। প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, রাজশাহী<br>৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, রাজশাহী জোন |
| ৯ | **গণপূর্ত বিভাগ:**<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী জানান যে, রাজশাহী বিভাগে মোট বরাদ্দকৃত মডেল মসজিদের সংখ্যা ৭৬টি। তন্মধ্যে ৪২টি মডেল মসজিদ উদ্বোধন করা হয়েছে। বাকিগুলোর কাজ চলমান। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ ও বগুড়া মডেল মসজিদের বিদ্যুৎ বিল বেশি হওয়ার বিষয়টি উথাপন করেন। এ প্রসঙ্গে অতিরিক্ত প্রধান প্রকৌশলী বলেন, শুধুমাত্র নামাজের সময় যদি এসি চালানো হয়, তাহলে বিলসমূহ সহনীয় পর্যায়ে আসবে। | ১। অবশিষ্ট মডেল মসজিদগুলোর নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br><br>২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী<br><br>৩। পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ১০ | **সড়ক বিভাগ:**<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন জানান যে, তাদের একটি প্রকল্প বাস্তবায়নে রেলওয়ে বিভাগের সংশ্লিষ্টতা রয়েছে। কামারুজ্জমান চত্বর হতে নওহাটা ব্রিজ পর্যন্ত রাস্তাটি ৪ লেনের হবে। উক্ত রাস্তা সম্প্রসারণে রেলওয়ের সীমানা প্রাচীর অপসারণের ক্ষেত্রে ভূমির মালিকানা বিষয়ে জটিলতার সৃষ্টি হওয়ায় এখন পর্যন্ত তা অপসারণ করা সম্ভব হয়নি এবং বিষয়টি নিয়ে গত ০৬/০৩/২০২৩ খ্রিঃ তারিখে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ রেলওয়ে (পশ্চিমাঞ্চল) রাজশাহী'র সাথে নিয়মিত যোগাযোগ স্থাপন করা হচ্ছে। জায়গাটি পেলে প্রকল্পের কাজ দ্রুত গতিতে চালানো সম্ভব হবে। | ১। রাজশাহী কামারুজ্জামান চত্বর হতে নওহাটা ব্রিজ পর্যন্ত রাস্তা সম্প্রসারণের কাজে রেলওয়ের জমি নিয়ে সৃষ্ট জটিলতা নিরসনকল্পে দ্রুত প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১। জেলা প্রশাসক, রাজশাহী<br><br>২। মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল, বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী<br><br>৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন। |
| ১১ | **এলজিইডি:**<br>সভাপতি বলেন, সামনে জাতীয় সংসদ নির্বাচন। নির্বাচন উপলক্ষ্যে বিভিন্ন ভোটকেন্দ্রে দ্রুত যাতায়াতের প্রয়োজন হয়। তাই ক্ষতিগ্রস্ত ও ভাঙ্গা রাস্তাসমূহ দ্রুত মেরামতের বিষয়ে সভায় এলজিইডি'র দৃষ্টি আকর্ষণ করা হয়।<br>নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী বিভাগ জানান যে, ২০২২-২৩ অর্থ বৎসরে রাজশাহী বিভাগে গ্রামীণ সড়ক মেরামত ও সংরক্ষণের (GOB) আওতায় অত্র বিভাগে ৮টি জেলায় ৫৪৬টি স্কীম অনুমোদিত হয়েছে। হালনাগাদ চুক্তি হয়েছে ৫২২টি। গড় অগ্রগতি=৯০%। চলতি অর্থ বৎসরে উক্ত রক্ষণাবেক্ষণ কাজগুলি প্রদেয় সময় অনুযায়ী নির্ধারিত সময়ে সমাপ্ত করা হবে। | ১। জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে ক্ষতিগ্রস্ত ও ভাঙ্গা রাস্তাসমূহ দ্রুত মেরামত/সংস্কার করতে হবে।<br><br>২। চলমান উন্নয়ন প্রকল্পগুলো নিয়মিত মনিটরিং করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br><br>২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী বিভাগ |
| ১২ | **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:**<br>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল জানান যে, মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য সুপেয় পানি সরবরাহের লক্ষ্যে ৩,৮০৭টি পানির উৎস স্থাপন কাজ সম্পন্ন হয়েছে। বাকি পানির উৎস স্থাপন কাজ চলমান রয়েছে। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ বলেন, স্থাপিত পানির উৎসগুলোতে আর্সেনিকের উপস্থিতি আবশ্যিকভাবে পরীক্ষা করতে হবে। | ১। বাকি পানির উৎস স্থাপন কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>২। পানির উৎসগুলোতে আর্সেনিক রয়েছে কি-না তা পরীক্ষা করে আর্সেনিক মুক্ত পানি সরবরাহের বিষয়টি নিশ্চিত করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br><br>২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল |
| ১৩ | **বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর:**<br>জেলা প্রশাসক, নওগাঁ জানান যে, নওগাঁ জেলায় ভাইরাসজনিত 'লাম্পি স্কিন ডিজিজ' রোগের প্রকোপ দেখা দিয়েছে। প্রাণিসম্পদ দপ্তর দ্রুত ব্যবস্থা গ্রহণ না করলে সংক্রমণের হার ক্রমান্বয়ে বৃদ্ধি পাবে। পরিচালকের প্রতিনিধি, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী জানান যে, দেশের বিভিন্ন এলাকায় এ ভাইরাসে শত শত গরু আক্রান্ত হয়েছে। খামারের ভেতরের এবং আশপাশের পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন রেখে মশা-মাছির উপদ্রব কমিয়ে এ রোগ নিয়ন্ত্রণ করা যায়। আক্রান্ত গরুর খামারের শেড থেকে আলাদা করে অন্য স্থানে মশারি দিয়ে ঢেকে রাখলে অন্য গরুতে সংক্রমণ হওয়া থেকে রক্ষা পাওয়া যায়। আক্রান্ত গাভির দুধ বাছুরকে খেতে না দিয়ে মাটি চাপা দেওয়া হয়। আক্রান্ত গরুর ব্যবহার্য কোনো জিনিস সুস্থ গরুর কাছে না আনা বা খাবার অন্য গরুকে খেতে না দেওয়া পরামর্শ দেওয়ার বিষয়ে সভায় আলোচনা করা হয়। এ রোগের লক্ষণ দেখা দিলে প্রাথমিকভাবে অ্যান্টিপাইরেটিক ও অ্যান্টিহিস্টামিন দিয়ে চিকিৎসা করা হয়। নডিউল বা গুটি ফেটে গেলে বা সেকেন্ডারি ব্যাক্টেরিয়াল ইনফেকশন দমন করার জন্য সিস্টেমিক অ্যান্টিবায়োটিক প্রয়োগ করা হয়। লাম্পি স্কিন রোগ সম্পর্কে খামারিদের সতর্ক করতে উঠান বৈঠকের উপর গুরুত্বারোপ করা হয়। | ১। পশুর লাম্পি স্কিন রোগ সম্পর্কে খামারিদের সচেতন করতে উঠান বৈঠকসহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br><br>২। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ১৪ | **মৎস্য বিভাগ:**<br>উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী জানান যে, চলতি অর্থ বৎসরে জুলাই মাসে ৩৯টি মোবাইল কোর্ট, ১৯৪টি অভিযানসহ মোট ০৭টি মামলা, ০১ জনের জেল এবং ১.৬২৫ লক্ষ টাকা জরিমানা করা হয়েছে। লাভজনক ও রপ্তানিমুখী মাছ চাষে চাষীদেরকে প্রশিক্ষণ ও পরামর্শ প্রদানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১। মৎস্য সংরক্ষণ আইনসহ মৎস্য সংক্রান্ত অন্যান্য আইন যথাযথভাবে বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে।<br><br>২। লাভজনক ও রপ্তানিমুখী মাছ চাষে চাষীদেরকে প্রশিক্ষণ ও পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল),রাজশাহী বিভাগ<br><br>২। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ |
| ১৫ | **পরিসংখ্যান বিভাগ:**<br>যুগ্মপরিচালক, পরিসংখ্যান অফিস, রাজশাহী জানান যে, রাজশাহী বিভাগের মোট ১৪৬২ টি নমুনা এলাকায় "আর্থসামাজিক ও জনমিতিক জরিপ-২০২৩" এর তথ্যসংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। ভোক্তার মূল্য সূচক নিরূপনের মাধ্যমে জীবনযাত্রার মান নির্ধারণ ও মূল্যস্ফীতি নির্ধারণের লক্ষ্যে ৪টি দরছকের মাধ্যমে ফুড ও ননফুড দ্রব্যসামগ্রী এবং সেবার মূল্য সংগ্রহের কাজ নিয়মিতভাবে পরিচালিত হচ্ছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন প্রকল্প এর আওতায় বার্ষিক শ্রমশক্তি জরিপের তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। রাজশাহী বিভাগের মোট ৩৫০ টি নমুনা এলাকার (Primary Sampling Unit বা PSU) প্রতিটি হতে ২০ টি করে Household এর তথ্যসংগ্রহ করা হচ্ছে। স্যাম্পল ভাইটল রেজিস্ট্রেশন সিস্টেম "এসভিআরএস" কর্মসূচির (৩য় পর্যায়) আওতায় বিভাগের ২৮৩ টি নমুনা এলাকায় স্থানীয় রেজিস্ট্রার এর মাধ্যমে মাঠ পর্যায়ে নির্দিষ্ট নমুনা এলাকায় জন্ম-মৃত্যুসহ অন্যান্য ডেমোগ্রাফিক বৈশিষ্ট্যের তথ্য সংগ্রহের কাজ নিয়মিতভাবে চলছে। মাসিক কৃষি মজুরিসহ প্রধান ও অপ্রধান বিভিন্ন ফসলের তথ্যাদি নিয়মিত প্রেরণ করা হচ্ছে। পরিসংখ্যান বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি এবং দক্ষ জনশক্তি গড়ে তোলার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১। বিভিন্ন শুমারি ও জরিপ কার্যক্রম বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>২। পরিসংখ্যান বিষয়ে দক্ষ জনশক্তি গড়ে তুলতে প্রয়োজনীয় প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ করতে হবে। | ১। জেলা প্রশাসক(সকল), রাজশাহী বিভাগ<br><br>২। যুগ্মপরিচালক, পরিসংখ্যান অফিস, রাজশাহী |
| ১৬ | **ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর:**<br>উপপরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী জানান যে, বেসরকারি হাসপাতাল, ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারে ডেঙ্গু পরীক্ষার মূল্য ৫০০ টাকা নির্ধারণ করে দিয়েছে সরকার। কিন্তু ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারে ৫০০ টাকার পরিবর্তে ৮০০ টাকা বা তার বেশি নিচ্ছিল। এ বিষয়ে অভিযান পরিচালনা করা হয়েছে। এছাড়া ডিমের মূল্য নির্ধারিত মূল্যের চেয়ে বেশি নেওয়ায় অভিযান পরিচালনা করা হয়েছে। তিনি আরো জানান যে, ০১ জুলাই থেকে ৩১ জুলাই-২০২৩ তারিখ পর্যন্ত রাজশাহী বিভাগীয় কার্যালয় ও এর অধীন জেলা কার্যালয়সমূহ কর্তৃক পরিচালিত মোট ৬২টি বাজার অভিযানের মাধ্যমে ১৫৪টি বাণিজ্যিক প্রতিষ্ঠানকে ভোক্তা অধিকার বিরোধী বিভিন্ন অপরাধে প্রশাসনিক ব্যবস্থায় ১৮,০৬,০০০/- টাকা জরিমানা করা হয়েছে। ভোক্তা কর্তৃক অভিযানে যাওয়ার আগে সংশ্লিষ্ট জেলা প্রশাসনকে অবহিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১। বেসরকারি হাসপাতাল, ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারে ডেঙ্গু পরীক্ষার মূল্য সরকার কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে বেশি নিলে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>২। ভোক্তা- অধিকার সংরক্ষণকল্পে বাজার মনিটরিং আরো জোরদার করতে হবে।<br><br>৩। ভোক্তা কর্তৃক অভিযানে যাওয়ার আগে সংশ্লিষ্ট জেলা প্রশাসনকে অবহিত করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br><br>২। উপপরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ১৭ | **সমাজসেবা অফিস:**<br>পরিচালক, বিভাগীয় সমাজসেবা অফিস, রাজশাহী জানান যে, এ বিভাগে ১৪,৬৬,৪২৩ জনকে বিভিন্ন ধরণের সামাজিক নিরাপত্তা ভাতা প্রদান করা হয়ে থাকে। ভাতার জন্য অনলাইনে আবেদন গ্রহণ করা হয়। এ বিভাগের সকল ইউনিটে শতভাগ জি টু পি পদ্ধতিতে সকল ভাতা প্রদান করা হয়।<br>জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ বলেন, ভাতা গ্রহণকারীদের নিয়ে উপকারভাগী মেলার আয়োজন করা প্রয়োজন। এতে করে সরকার কর্তৃক গৃহীত সামাজিক নিরাপত্তা বেষ্টনির চিত্র প্রতিফলিত হবে। | ১। ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড প্রভৃতি রোগে আক্রান্তদের আনুষ্ঠানিকতার মাধ্যমে আর্থিক সহায়তা প্রদান করতে হবে।<br>২। এ বিভাগে সকল ইউনিটে জি টু পি পদ্ধতিতে ভাতা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। পরিচালক, বিভাগীয় সমাজসেবা অফিস, রাজশাহী |
| ১৮ | **ইসলামিক ফাউন্ডেশন:**<br>সভাপতি বলেন, দেশের নাগরিকদের পেনশন ব্যবস্থার আওতায় আনতে সর্বজনীন পেনশন কর্মসূচি (স্কিম) চালু করছে সরকার। এই স্কিমে চাঁদা প্রদানের ক্ষেত্রে ধর্মের ভুল ব্যাখ্যা করে কেউ যেন মানুষকে বিভ্রান্ত না করে, সে দিকে খেয়াল রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়। এ বিষয়ে বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ের মসজিদগুলোতে জুমআর খুৎবায় সঠিক ব্যাখ্যা প্রদান এবং ডেঙ্গু বিষয়ে সচেতনতামূলক আলোচনা করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | ১। সর্বজনীন পেনশন কর্মসূচি(স্কিম) এ অংশ গ্রহণ করার জন্য জনগণকে উৎসাহিত করতে হবে।<br>২। ডেঙ্গু বিষয়ে জনসচেতনতামূলক আলোচনা ও প্রচার-প্রচারণা চালাতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। পরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, বিভাগীয় জেলা কার্যালয়, রাজশাহী<br>৩। পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী |
| ১৯ | **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিস:**<br>উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী জানান যে, আধুনিক প্রযুক্তি সুবিধা সম্বলিত ৬৮ মিটার উচ্চতার টিটিএল গাড়িটি রাজশাহী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সে যুক্ত হয়েছে। ফলে অগ্নিনির্বাপণ ও উদ্ধারকাজের গতি আগের চেয়ে আরও বৃদ্ধি পাবে। ৬৮ মিটার উচ্চতার লেডার-সংবলিত গাড়ি ফায়ার সার্ভিসের বহরে যুক্ত হওয়ায় ২৪ তলা পর্যন্ত অগ্নিনির্বাপণ ও উদ্ধারকাজ করা যাবে। তিনি আরো জানান যে, প্রতিটি অফিসে অগ্নি নির্বাপণ যন্ত্র রাখা এবং অগ্নিকান্ড যেন না ঘটে সে বিষয়ে জনসচেতনতামূলক প্রচার-প্রচারণার অংশ হিসেবে সরকারি বিভিন্ন অফিসে অগ্নি নির্বাপণ মহড়া অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। বিভিন্ন হাট-বাজার, শিক্ষা প্রতিষ্ঠান, কলকারখানা ও বিভিন্ন সংস্থায় গণসংযোগ ও টপোগ্রাফিকসহ মহড়া কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। | ১। প্রতিটি অফিসে অগ্নি নির্বাপণ যন্ত্র রাখা এবং অগ্নিকান্ড যেন না ঘটে সে বিষয়ে জনসচেতনতামূলক প্রচার-প্রচারণা অব্যাহত রাখতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী |
| ২০ | **বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ:**<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী জানান যে, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের মাধ্যমে ২০২২-২৩ অর্থ বছরে রাজশাহী বিভাগে আমন, আউশ ও রবি মৌসুমে ৫.৭৬ লক্ষ হেক্টর জমিতে সেচ প্রদান করা হয়েছে। চলতি ২০২৩-২৪ অর্থ বছরে একই লক্ষমাত্রা নির্ধারণ করে<br>সেচ মৌসুমে জমিতে নিরবচ্ছিন্ন সেচ প্রদানের লক্ষ্যে সকল সেচযন্ত্রগুলো প্রস্তুত রাখাসহ সার্বক্ষণিক সচল রাখতে প্রয়োজনীয় পাম্প-মটর, বৈদ্যুতিক ট্রান্সফরমার ও অন্যান্য যাবতীয় মালামাল মজুদ রাখা হয়েছে। রাত ১১:০০ টা হতে ভোর পর্যন্ত সংশ্লিষ্ট সেচযন্ত্রগুলো চালু রাখার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | ১। রাত ১১:০০ টা হতে ভোর পর্যন্ত সংশ্লিষ্ট সেচযন্ত্রগুলো চালু রেখে ধানের জমিতে প্রয়োজনীয় পানি সরবরাহ করতে হবে।<br>২। ধানের জমিতে প্রয়োজনীয় পানি সরবরাহ করার জন্য অগ্রাধিকার ভিত্তিতে সেচযন্ত্রগুলোতে বিদ্যুৎ সংযোগ প্রদান করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি, রাজশাহী<br>৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী |
| ২১ | **যুব উন্নয়ন অফিস:**<br>উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী জানান যে, উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী জানান যে, রাজশাহী বিভাগের সকল জেলায় লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রাতিষ্ঠানিক ১০টি ট্রেডে এবং উপজেলা পর্যায়ে অপ্রাতিষ্ঠানিক ট্রেডে প্রশিক্ষণসমূহ সুচারুভাবে অনুষ্ঠিত হচ্ছে। ২০২২-২০২৩ অর্থবছরের জুন, ২০২৩ পর্যন্ত লক্ষ্যমাত্রা ২০৭৬৫ জন, প্রশিক্ষণের অগ্রগতি ২০৮৩০ জন। নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন হয়েছে। | ১। প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক ট্রেডে অনুষ্ঠিত প্রশিক্ষণসমূহ নিয়মিত মনিটরিং করতে হবে।<br>২। আত্মকর্মসংস্থানে যুবঋণ বিতরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ২২ | <u>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড:</u><br>পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, রাজশাহী জানান যে, রাজশাহী বিমান বন্দরে হেল্পডেক্স চালু এবং বিভাগীয় পর্যায়ে সরকারি কর্মচারীদের জন্য হাসপাতাল স্থাপনের কর্মসূচি গ্রহণ করা হয়েছে। তিনি আরো জানান যে, সরকারি নির্দেশনা মোতাবেক বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। | ১। রাজশাহী বিমান বন্দরে হেল্পডেক্স চালু এবং বিভাগীয় পর্যায়ে সরকারি কর্মচারীদের জন্য হাসপাতাল স্থাপনের কাজ শুরুর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>২। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক প্রদানকৃত সেবাসমূহ সম্পর্কে অবগত করতে প্রচার-প্রচারণা চালাতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br><br>২। পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, রাজশাহী |
| ২৩ | <u>আঞ্চলিক নির্বাচন অফিস:</u><br>আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী জানান যে, আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে ভোটকেন্দ্রের খসড়া তালিকা প্রণয়ন করা হয়েছে। জেলা প্রশাসক, বগুড়া এবং পুলিশ সুপার, রাজশাহী রেঞ্জ জানান যে, নিরাপত্তা ও সক্ষমতা বিবেচনায় রেখে কেন্দ্রের সংখ্যা বাড়াতে হবে। অপ্রয়োজনীয় নতুন ভোটকেন্দ্র না করে প্রযোজ্য ক্ষেত্রে ভেন্যুকেন্দ্র করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। আসন্ন নির্বাচনকে সামনে রেখে সরকারি কর্মকর্তাদের আচরণে জনগণ যেন কষ্ট না পায় এবং সরকারের ভাবমূর্তি যেন ক্ষুণ্ন না হয়, সে বিষয়ে সভাপতি সভায় গুরুত্বারোপ করেন। | ১। অপ্রয়োজনীয় নতুন ভোটকেন্দ্র না করে প্রযোজ্য ক্ষেত্রে ভেন্যুকেন্দ্র স্থাপন করতে হবে।<br><br>২। আসন্ন নির্বাচন সামনে রেখে সরকারি কর্মকর্তাদের সন্তোষজনক ও দায়িত্বশীল আচরণ করতে হবে। | ১। বিভাগীয় দপ্তর প্রধানগণ<br>২। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল |
| ২৪ | <u>জাতীয় সঞ্চয় অধিদপ্তর :</u><br>উপপরিচালক, বিভাগীয় সঞ্চয় অফিস, রাজশাহী জানান যে, সঞ্চয়পত্রে বিনিয়োগের পরিমাণ রাজশাহী অঞ্চলে লক্ষ্যমাত্রার চেয়ে অনেক কম। তাই সঞ্চয়পত্রে বিনিয়োগ বৃদ্ধির জন্য সভার সকল সদস্যকে ভূমিকা রাখার জন্য অনুরোধ জানান। | ১। সঞ্চয়পত্রে বিনিয়োগের সরকারি লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে ব্যক্তিগত বিনিয়োগসহ অন্যান্যদের বিনিয়োগে উদ্বুদ্ধ করতে হবে। | বিভাগীয় দপ্তর প্রধানগণ |
| ২৫ | <u>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ):</u><br>এ বিভাগের সকল দপ্তরের ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন এবং বিভিন্ন কার্যসম্পাদনের প্রমাণকসমূহ সংরক্ষণের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়। | ১। এ বিভাগের সকল দপ্তরকে ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন এর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং বিভিন্ন কার্যসম্পাদনের প্রমাণকসমূহ সংরক্ষণ করতে হবে। | বিভাগীয় দপ্তর প্রধানগণ |

অত:পর সভার আলোচনায় স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করার জন্য সদস্যদের প্রতি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করা হয়। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৩-০৯-২০২৩

ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ুন কবীর
বিভাগীয় কমিশনার
০২৫৮৮৮৫৭২৩৩ (ফোন)
০২৫৮৮৮৫৭৫২৯ (ফ্যাক্স)
divcomrajshahi@mopa.gov.bd

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ / ০৩ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ০৫.৪৩.০০০০.০০৮.১৩.০০৫.২৩.৫২৫

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য);

২। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য);

৩। সচিব, সচিবের দপ্তর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ;

৪। উপমহা পুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, রাজশাহী রেঞ্জ, রাজশাহী;

৫। মহাপরিচালক, রেশন উন্নয়ন বোর্ড, রাজশাহী;

৬। মহাব্যবস্থাপক , মহাব্যবস্থাপক এর দপ্তর , মহাব্যবস্থাপক (পশ্চিম) এর কার্যালয়, বাংলাদেশ রেলওয়ে, সিআরডি, রাজশাহী;

৭। ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা;

৮। পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী;

৯। পরিচালক, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী;

১০। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ;

১১। পরিচালক, পরিবার পরিকল্পনা, রাজশাহী বিভাগ, রাজশাহী;

১২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী বিভাগ, রাজশাহী;

১৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব), অতিরিক্ত প্রধান প্রকৌশলীর কার্যালয়, অতিরিক্ত প্রধান প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, রাজশাহী বিভাগ, রাজশাহী ;

১৪। অতিরিক্ত পরিচালক , অতিরিক্ত পরিচালকের কার্যালয় , অতিরিক্ত পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল, রাজশাহী;

১৫। অতিরিক্ত পরিচালক , অতিরিক্ত পরিচালকের কার্যালয়, অতিরিক্ত পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল, বগুড়া;

১৬। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন;

১৭। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রংপুর জোন;

১৮। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী;

১৯। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ;

২০। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ;

২১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ;

২২। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা;

২৩। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া;

২৪। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর;

২৫। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট;

২৬। অধিনায়ক, র্যাব-৫, রাজশাহী;

২৭। উপ-মহাপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, রাজশাহী রেঞ্জ;

২৮। প্রধান প্রকৌশলী, উত্তর পশ্চিমাঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সপুরা, রাজশাহী;

২৯। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি:, রাজশাহী;

৩০। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল, রাজশাহী;

৩১। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী;

৩২। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রাজশাহী;

৩৩। আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, রাজশাহী অঞ্চল, শেরপুর, বগুড়া;

৩৪। আঞ্চলিক পরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, রাজশাহী ও রংপুর বিভাগীয় কার্যালয়, বগুড়া;

৩৫। আঞ্চলিক পরিচালক, বিসিক আঞ্চলিক অফিস, রাজশাহী;

৩৬। অধ্যক্ষ, রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী;

৩৭। অধ্যক্ষ, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া;

৩৮। অধ্যক্ষ, পাবনা মেডিকেল কলেজ, পাবনা;

৩৯। অধ্যক্ষ, শহীদ এম. মনসুর আলী মেডিকেল কলেজ, সিরাজগঞ্জ;

৪০। অধ্যক্ষ, নওগাঁ মেডিকেল কলেজ, নওগাঁ;

৪১। মহাব্যবস্থাপক-১, টেলিযোগাযোগ অঞ্চল (উত্তরাঞ্চল), রাজশাহী;

৪২। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী;

৪৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী;
৪৪। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী;
৪৫। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়, নিশিন্দা, উপশহর, বগুড়া;
৪৬। পরিচালক, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), রাজশাহী;
৪৭। পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, রাজশাহী;
৪৮। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রাজশাহী;
৪৯। পরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, বিভাগীয় জেলা তথ্য অফিস, রাজশাহী;
৫০। পরিচালক, বিএসটিআই, নওদাপাড়া, রাজশাহী;
৫১। পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী;
৫২। পরিচালক, বিভাগীয় শ্রম অধিদপ্তর, রাজশাহী;
৫৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী;
৫৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ;
৫৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজশাহী;
৫৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নাটোর;
৫৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নওগাঁ;
৫৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ;
৫৯। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পাবনা;
৬০। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিরাজগঞ্জ;
৬১। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বগুড়া;
৬২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জয়পুরহাট;
৬৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
৬৪। উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা, রাজশাহী;
৬৫। উপপরিচালক, উপপরিচালকের দপ্তর, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী;
৬৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল, রাজশাহী;
৬৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল, রাজশাহী;
৬৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, রাজশাহী জোন, রাজশাহী;
৬৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, বগুড়া জোন, বগুড়া;
৭০। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী;
৭১। আঞ্চলিক প্রকল্প পরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি, রাজশাহী;
৭২। যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান অফিস, রাজশাহী;
৭৩। বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, বগুড়া;
৭৪। উপপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী;
৭৫। যুগ্মপরিচালক (সার), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, রাজশাহী বিভাগ, রাজশাহী;
৭৬। উপপরিচালক, আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী;
৭৭। জোনাল সেটেলমেন্ট অফিসার, রাজশাহী;
৭৮। জোনাল সেটেলমেন্ট অফিসার, পাবনা;
৭৯। জোনাল সেটেলমেন্ট অফিসার, বগুড়া;
৮০। যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় অফিস, রাজশাহী;
৮১। উপপ্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস, রাজশাহী;
৮২। উপপরিচালক, আঞ্চলিক স্কাউট অফিস, রাজশাহী;
৮৩। উপপরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, রাজশাহী;
৮৪। উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী;
৮৫। উপপরিচালক (চ:দা:), বিভাগীয় ঔষধ প্রশাসন অধিদপ্তর, রাজশাহী;
৮৬। উপপরিচালক(ভারপ্রাপ্ত), বিভাগীয় সঞ্চয় অফিস, রাজশাহী;
৮৭। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী;
৮৮। বিভাগীয় ব্যবস্থাপক, ব্র্যাক, রাজশাহী;

৮৯। যুগ্মপরিচালক (বীজ বিপণন), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, রাজশাহী বিভাগ;

৯০। উপপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী;

৯১। সহকারী প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী;

৯২। কমিশনারের একান্ত সচিব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী;

৯৩। সহকারী কমিশনার, হিসাব শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী এবং

৯৪। নাজির (অফিস), নেজারত শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।

০৩-০৯-২০২৩
ড. মোঃ মোকছেদ আলী
অতিরিক্ত বিভাগীয় কমিশনার